BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
"Made in Bangladesh with Pride"
BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector 17, Uttara, Dhaka-1230.

Ref: বিজিএ/মেলা/২০২১/125

৩ আগস্ট ২০২১

## সম্মানিত সদস্যদের জন্য

**বিষয়ঃ আগামী ০৯-১০ সেপ্টেম্বর, ২০২১ সময়ে "Pure London (Pure Origin)", শীর্ষক মেলায় অংশগ্রহন।**

সম্মানিত সদস্যবৃন্দ,

আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০৯-১০ সেপ্টম্বর ২০২১ তারিখে লন্ডন-যুক্তরাজ্য, -এ **"Pure London (Pure Origin)"**শীর্ষক একটি মেলা অনুষ্ঠিত হবে মর্মে ইপিবি তাদের ১ আগস্ট, ২০২১ তারিখের স্মারক নং ২৬.০২.০০০০.০৩৩.৩১.৫৭২.২০.১৬১ মাধ্যমে জানায়।

**উক্তমেলায় অংশগ্রহনে আগ্রহী বিজিএমইএ'র সম্মানিত সদস্যদেরকে ইপিবির নির্ধারিত ফরমে প্রয়োজনীয় তথ্যাদি, নিম্নে বর্ণিত কাগজপত্র ও পে-অর্ডার সহ আবেদন আগামী ১৬/০৮/২০২১ ইং তারিখের মধ্যে বিজিএমইএ'র মেলা শাখায় (৩য় তলা) দাখিলের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল:**

ক। অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, টেলিফোন, মোবাইল, ই মেইল ও ফ্যাক্স নাম্বারসহ লেটার হেড প্যাডে আবেদন করতে হবে।
খ। মেলায় অংশ গ্রহণের জন্য মনোনীত ব্যক্তির দুই কপি ছবিসহ নাম ও পদবী উল্ল্যেখ করতে হবে মনোনীত ব্যক্তি কে অবশ্যই কোম্পানীর সক্রিয় শেয়ার হোল্ডার ডাইরেক্টর হতে হবে।
গ। মনোনীত ব্যক্তির পাসপোর্ট এর ফটোকপি এবং বিভিন্ন দেশে ভ্রমণের ভিসাপাতাসহ ফটোকপি পাঠাতে হবে।
ঘ। যেসব পণ্য মেলায় প্রদর্শন করা হবে তার নাম (নীট,ওভেন ও সুয়েটার উল্ল্যেখ পূর্বক) তালিকা সংযুক্ত করতে হবে।
ঙ। বিগত এক বছরের পিআরসি'র ফটোকপি দিতে হবে।
চ। কোম্পানী প্রোফাইল দিতে হবে।
ছ। মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অফ এসোসিয়েশন দিতে হবে।
জ। ইআরসি, ট্রেড লাইসেন্স ,আয়কর ও ভ্যাট সার্টিফিকেট ফটোকপি দিতে হবে।

এ ব্যাপারে প্রয়োজনীয় তথ্যের জন্য নিম্নোক্ত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা যেতে পারেঃ

১. মোঃ মজিবুর রহমান শাহীন, উপ-সচিব, মেলা শাখা, বিজিএমইএ, মোবাইলঃ ০১৮১৭-০৪৯৯৯৯
২. সিজান মাহমুদ প্লাবী , নির্বাহী , মেলা শাখা, বিজিএমইএ, মোবাইলঃ ০১৭২৭-৬৫৬৯৯৭

সংযুক্তিঃ
১। ইপিবি'র পত্র।
২। ইপিবি'র মেলায় অংশগ্রহনের আবেদন ফর্ম।

ধন্যবাদান্তে,

০৩/৮/২০২১

**মোঃ ফয়জুর রহমান**
মহাসচিব

**BGMEA Regional Office :** BGMEA Bhaban (Lebel-4&5) 669/E, Jhautala Road (Near CNG Station), South Khulshi, Chittagong.
Tel: +880-31-2867401-10 (PABX), Fax: +880-31-2867412, E-mail: info@bgmeactg.org

রপ্তানি উন্নয়ন ব্যুরো
মেলা ও প্রদর্শণী বিভাগ
টিসিবি ভবন, ১, কাওরান বাজার
ঢাকা।

নং- ২৬.০২.০০০০.০৩৩.৩১.৫৭২.২০.১৬১

তারিখঃ ১৭ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ।
০১ আগস্ট ২০২১ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ আগামী ০৯-১০ সেপ্টেম্বর, ২০২১ সময়ে লন্ডন, যুক্তরাজ্যে অনুষ্ঠিতব্য Pure London (Pure Origin) শীর্ষক মেলায় অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ০৯-১০ সেপ্টেম্বর, ২০২১ সময়ে লন্ডন, যুক্তরাজ্যে Pure London (Pure Origin) শীর্ষক মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় অংশগ্রহণের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো প্রাথমিকভাবে সিদ্ধান্ত গ্রহণ করেছে। মেলাটি তৈরী পোষাক, হোম টেক্সটাইল, লেদার ও লেদার গুডস পণ্য খাতের একটি উল্লেখযোগ্য মেলা। প্রতিটি ০৯ বর্গমিটার বিশিষ্ট বুথ ফি টাকা ৬,৬৬,০০০/- (ছয় লক্ষ ছেষট্টি হাজার) মাত্র নির্ধারণ করা হয়েছে। মেলায় অংশগ্রহণের জন্য নিম্নরূপ হারে ভর্তুকী প্রদান করা হবে:

০১) তৈরী পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ

| ক্রমিক নং | রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) | ক্যাটাগরী | ইপিবি'র দেয় সর্বোচ্চ সহায়তা শতকরা |
|---|---|---|---|
| ০১ | ১০ এর উপরে | 'ক' | ২০% |
| ০২ | ০৫-১০ | 'খ' | ৩৫% |
| ০৩ | ০৫ এর নীচে | 'গ' | ৪৫% |
| ০৪ | প্রারম্ভিক (কোন রপ্তানি নাই) | 'ঘ' | ৫০% |

০২) অন্যান্য খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ

| ক্রমিক নং | রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) | ক্যাটাগরী | ইপিবি প্রদেয় সর্বোচ্চ সহায়তার শতকরা হার |
|---|---|---|---|
| ০১। | রপ্তানিকারক সকল প্রতিষ্ঠানের জন্য | "ক" | ৪০% |
| ০২। | প্রারম্ভিক (কোন রপ্তানি নেই) | "খ" | ৫০% |

০২। উক্ত মেলায় অংশগ্রহণের লক্ষ্যে আপনার সমিতিভূক্ত সদস্য প্রতিষ্ঠানসমূহ/স্বনামধন্য রপ্তানিকারক প্রতিষ্ঠান আগ্রহী হলে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদনপত্র পে-অর্ডার সহকারে **আগামী ১৮ আগস্ট, ২০২১ তারিখের** মধ্যে ইপিবি'র মেলা বিভাগে দাখিলের জন্য অনুরোধ জানানো হলো। আবেদন পত্রের ছক www.epb.gov.bd থেকে ডাউনলোড করা যাবে। আবেদনপত্রের সাথে (ইআরসি, ট্রেড লাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, অংশগ্রহণকারী প্রতিনিধির পাসপোর্ট কপি, অন্যান্য দেশ ভ্রমণের ভিসা কপি, ২০২০-২০২১ অর্থবছরের পিআরসি) অবশ্যই দাখিল করতে হবে।

০৩। উল্লেখ্য, সংশ্লিষ্ট দেশের ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে ইপিবির উপর দায়দায়িত্ব বর্তাবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরত দেওয়া হবে।

(আবু মোখলেছ আলমগীর হোসেন)
উপ পরিচালক (মেলা)

বিতরন : সদয় কার্যার্থে (জ্যৈষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স (৩য় তলা), হাউস- ৭/৭এ, সেক্টর-১৭, ব্লক এইচ-১, উত্তরা, ঢাকা। info@bgmea.com.bd
২. সভাপতি, বিকেএমইএ, প্ল্যানার্স টাওয়ার (১৩তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, ঢাকা। info@bkmea.com
৩. সভাপতি, বাংলাদেশ টেরী টাওয়েল লিলেন ম্যানুঃ এন্ড এক্সপোর্টার্স এসোঃ, পল্টন টাওয়ার , ৮৭ পুরানা পল্টন লেন (সাউথইষ্ট কর্নার), ঢাকা। info@bttlmea.com.bd
৪. সভাপতি, বাংলাদেশ ফিনিসড লেদার, লেদার গুডস এন্ড ফুটওয়্যার এক্সপোর্টার্স এসোসিয়েশন, হাউজ নং- ৩২/এ, রোড নং ২, ফ্লাট বি-২, ধানমন্ডি আ/এ, ঢাকা। ই-মেইল: bfllfea58@yahoo.com
৫. সভাপতি, লেদার গুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারর্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, ১৮, কামাল আর্তাতুক এভিনিউ, ইরেক্টরস হাউজ (১০ম তলা) বনানী বা/এ, ঢাকা। E-mail: blmea@banglamall.net
৬. প্রোগ্রামার, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা। বিজ্ঞপ্তিটি ইপিবির ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি (জ্ঞাতার্থে):

০১। পিএ টু মহাপরিচালক-১, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা। মহা-পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
০২। পিএ টু পরিচালক (মেলা), রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা। পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।